গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯.৩৭.৫২৭.১৭- ৩২৭ তারিখঃ ০২/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ- ন্যাশনাল সার্ভিসে কর্মসূচিতে (৭ম পর্ব) অন্তর্ভুক্তির বিজ্ঞপ্তি প্রেরণ ও ব্যাপক প্রচারণা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল সার্ভিস কর্মসূচি-৭ম পর্বের অন্তর্ভুক্তির বিজ্ঞপ্তি ইতোমধ্যে 'দৈনিক সমকাল' ৮ সেপ্টেম্বর ২০১৭, 'বাংলাদেশ প্রতিদিন' ৯ সেপ্টেম্বর ২০১৭ এবং 'আমাদের সময়' পত্রিকায় ১৩ সেপ্টেম্বর ২০১৭খ্রিঃ তারিখে প্রচারিত হয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির নীতিমালা অনুসারে সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সমন্বয় কমিটি বরাবর আগামী ১০/১০/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করার বিষয়ে বিজ্ঞপ্তিতে উল্লেখ আছে। শিক্ষিত বেকার যুবদের (যুবক ও যুবমহিলা) কল্যাণার্থে সরকারের এ অগ্রাধিকাপ্রাপ্ত কর্মসূচির সুযোগটি যেন অধিকসংখ্যক আগ্রহীগণ পেতে পারে সে জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণের মাধ্যমে ব্যাপক প্রচারণার ব্যবস্থা করতে হবে। জেলা ও উপজেলা কমিটির সভা অনুষ্ঠান, জনপ্রতিনিধিদের (উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও পৌরসভা)সাথে মতবিনিময়, যুবসংগঠন/যুব উদ্যোক্তাদের মাধ্যমে প্রচারণা, মসজিদের সন্মানিত ইমামদের সহায়তায় প্রচারণা, স্থানীয় পর্যায়ে হাট বাজারে মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার চালিয়ে প্রত্যন্ত গ্রামাঞ্চলে বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়টি জানাতে হবে। ব্যাপক প্রচারণার স্বার্থে যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব-সাইটে বিজ্ঞপ্তিটি দেয়া হয়েছে এবং এ পত্রের সাথেও একটি অনুলিপি দেয়া হলো।

এমতাবস্থায়,ব্যক্তিগতভাবে উদ্যোগী হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিজ্ঞপ্তির কপি।

(আবুল হাছান খান)
যুগ্মসচিব
পরিচালক(পরিকল্পনা)
ও
পরিচালক(অঃ দাঃ)
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি
ফোন ঃ ৯৫৬০৭০৩

প্রাপকঃ ১) উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
---------- জেলা।

২) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
----------উপজেলা।

অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। যুগ্মসচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। জেলা প্রশাসক,----------।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা----------।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।

D/H/ NSP Forwording